138

দৈনিক ইত্তেফাক

তারিখ ..2.1.DE...[illegible] ... ...
পৃঃ ১৫ কলাম ৫....

# ভিসি অফিসের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের একজন ছাত্রীর প্রতি কথিত অশোভন আচরণকারী শিক্ষকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবীতে দুইটি বাম ছাত্র সংগঠন সমর্থক কতিপয় ছাত্র-ছাত্রী গতকাল (রবিবার) ভিসি অফিসের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করে। ৩০/৩৫ জন ছাত্র-

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## বিক্ষোভ প্রদর্শন

(শেষ পৃষ্ঠার পর)

ছাত্রীর এই মিছিলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কিছুসংখ্যক ছাত্র-ছাত্রী অংশ নেয় বলিয়া প্রত্যক্ষদর্শীরা জানাইয়াছেন। ভিসি ডঃ এ কে আজাদ চৌধুরী তাঁহার অফিস কক্ষে উপস্থিত এই মিছিলকারীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রত্বের পরিচয় জানিতে চাহিলে তাহারা হৈ-হট্টগোল শুরু করে এবং তড়িঘড়ি করিয়া চলিয়া আসে। উল্লেখ্য, ছাত্রীর প্রতি অশোভন আচরণের দায়ে একজন শিক্ষককে বিশ্ববিদ্যালয় হইতে সাময়িকভাবে সাসপেন্ড করা হইয়াছে। ইহা ছাড়া বিষয়টি নিয়া তদন্ত অব্যাহত রহিয়াছে।